আমাদেরসময়

তারিখ ... 23 SEP 2015 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

মেডিক্যালে ভর্তির প্রশ্নপত্র ফাঁস

# রংপুর মেডিক্যালের তিন ডাক্তারসহ গ্রেপ্তার ৭

নজরুল মৃধা, রংপুর ●

চাঞ্চল্যকর মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় সাতজনকে আটক করা হয়েছে। তাদের মধ্যে রংপুর মেডিক্যাল কলেজ (রমেক) হাসপাতালের তিন ডাক্তার, কোচিং সেন্টারের তিন শিক্ষক ও একজন পরিচালক রয়েছেন। গতকাল রংপুর নগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে র‍্যাব-১৩ এর সদস্যরা তাদের আটক করেন। গতকাল সন্ধ্যায় র‍্যাবের.

এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## রংপুর মেডিক্যালের তিন ডাক্তারসহ

(প্রথম পৃষ্ঠার পর) এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানানো হয়। রংপুর র‍্যাব-১৩ এর অধিনায়ক মেজর আশরাফ জানান, ঢাকায় প্রশ্নপত্র ফাঁসের সূত্র ধরে রংপুরে গ্রেপ্তার সাতজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। র‍্যাব সূত্র জানায়, মেডিক্যালে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় ঢাকায় এক কর্মকর্তাসহ একাধিক ব্যক্তি গ্রেপ্তার হয়। এই গ্রেপ্তারের সূত্র ধরে রংপুর র‍্যাবের সদস্যরা ব্যাপক অনুসন্ধান চালান। অনুসন্ধানে গতকাল রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের ডা. মোস্তাফিজুর রহমান পাভেলকে গ্রেপ্তার করা হয়। তার দেওয়া স্বীকারোক্তি অনুযায়ী, নগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয় রমেক হাসপাতালের ডা. শফিকুল ইসলাম অন্তু, ডা. জিল্লুর হাসান রনি, এওয়ান কোচিং সেন্টারের শিক্ষক জামিল উদ্দিন, আতিকুর রহমান আদিল ও মো. সাদারাতুল ইয়াকস্তীন এবং প্রাইমেট কোচিং সেন্টারের পরিচালক নজরুল রহমানকে।